দৈনিক ইনকিলাব

তারিখ ... NOV. 02 1999
পৃষ্ঠা ১৬ কলাম 2

# নীলফামারীতে শিক্ষার বিনিময়ে খাদ্য বিতরণে দুর্নীতির অভিযোগে ছাত্রছাত্রীদের বিক্ষোভ মিছিল

**নীলফামারী জেলা সংবাদদাতা ঃ** ডোমার থানায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর কার্ড ও খাদ্য বিতরণে ব্যাপক অনিয়ম, দুর্নীতি ও আত্মসাতের অভিযোগ পাওয়া গেছে। অনিয়ম, দুর্নীতি ও আত্মসাতের অভিযোগে ইতোমধ্যে অভিভাবক ও কোমলমতি ছাত্রছাত্রীদের বিক্ষোভ মিছিল ও ডোমার থানা নির্বাহী অফিসারকে স্মারকলিপি প্রদান করা হলেও অজ্ঞাতকারণে প্রশাসন নীরব ভূমিকা পালন করার অভিযোগ পাওয়া গেছে।

ডোমার থানার বোড়াগাড়ী ইউনিয়নের বাগডোকরা গ্রামের ও জোড়াবাড়ী ইউনিয়নের বেত গাড়াগ্রামের ১৯ জন অভিভাবক স্বাক্ষরিত অভিযোগ জানা গেছে, বাগডোকরা বসুনিয়াপাড়া বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও ম্যানেজিং কমিটি ইতিপূর্বে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর কার্ড প্রতি তিনশ' টাকা করে অভিভাবকের নিকট গ্রহণ করে। গত ১৪ অক্টোবর প্রধান শিক্ষক বেলাল হোসেন পুনরায় ৩২ জন ছাত্রছাত্রীর অভিভাবকের নিকট তিনশ' টাকা করে দাবী করে। বিরাজমান তীব্র অভাবের সময় অভাবী অভিভাবকরা দাবীকৃত এ টাকা দিতে অপারগতা প্রকাশ করে। ফলে ১৯ জন ছাত্রছাত্রীর নামীয় কার্ড বাতিল করা হয়েছে বলে অভিযোগে জানা গেছে। অভিযোগে উল্লেখ করা হয়েছে, জোড়াবাড়ী ইউনিয়নের ৪নং ওয়ার্ডের বেতগাড়া গ্রামের ছাত্রছাত্রীর কার্ড এখনও অবৈধভাবে প্রধান শিক্ষক রেখে দিয়েছে।

উল্লেখ যে, ডোমার থানার প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর আওতায় ১৯৯৯-২০০০ অর্থ বছরের জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর ৩ মাসের জন্য চাল বরাদ্দ দেয় এবং কার্ড প্রতি প্রতিমাসের জন্য ১২ কেজি করে চাল বিতরণের নিয়ম থাকলেও সংশ্লিষ্ট শিক্ষা বিভাগের কর্মকর্তা, স্কুল কর্তৃপক্ষ ও ডিলারদের যোগসাজশে ৩ মাসের স্থলে ২ মাসের চাল প্রদান করলেও, আবার কার্ড প্রতি ৭/৮ কেজি করে কম বিতরণ করা হয়। ফলে অভিভাবক ও কোমলমতি সুবিধাভোগী ছাত্রছাত্রীরা সম্প্রতি ডোমার শহরে বিক্ষোভ মিছিল বের করে এবং ডোমার টিএনওকে স্মারকলিপি প্রদান করে। বর্তমান বিরাজমান অভাবের সময় দুর্নীতি ও চাল আত্মসাতের কারণে সচেতন মহলের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।